দৈনিক সংবাদ

NOV. 1 8 2002

ঘটনাস্থল টাঙ্গাইলের কালিহাতি

# প্রধান শিক্ষক ছাত্রীকে অপহরণ করে পালিয়েছে

টাঙ্গাইল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ অপহরণের ২ সপ্তাহ পরও পুলিশ স্কুলছাত্রী রওশন আরাকে (১৪) উদ্ধার করতে পারেনি। গ্রেফতার হয়নি অপহরণকারী স্কুল শিক্ষক দেওয়ান আবদুর রাজ্জাক। ২রা নভেম্বর রাতে কালিহাতি উপজেলার ভুকতা নওয়াব আলি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেওয়ান আবদুর রাজ্জাক একই বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী রওশন আরাকে অপহরণ করে পালিয়ে যায়।

কালিহাতি উপজেলার ভুকতা এলাকার অধিবাসী সূত্রে জানা গেছে, আলি আকবর নামে এক ব্যক্তির সুন্দরী কন্যা এবং ভুকতা নওয়াব আলি উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী রওশন আরার প্রতি কিছুদিন আগে থেকে একই বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেওয়ান আবদুর রাজ্জাকের কুনজর পড়ে। বিষয়টি জানাজানি হলে মেয়ের অভিভাবক এ ব্যাপারে প্রধান শিক্ষককে সতর্ক করে দেন। কিন্তু এতে কাজ না হওয়ায় রওশন আরার পিতা তার মেয়েকে টাঙ্গাইল সদরে এনে রাখেন। ২রা নভেম্বর রাতে প্রেমিক প্রধান শিক্ষক ফুঁসলিয়ে স্কুলছাত্রী রওশন আরাকে অপহরণ করে পালিয়ে যায়। অনেক অনুসন্ধান করেও মেয়েকে উদ্ধার করতে না পেরে অপহৃতার পিতা এ ব্যাপারে কালিহাতি থানায় একটি মামলা দায়ের করেন; কিন্তু ঘটনার ২ সপ্তাহ পরও পুলিশ অপহৃতাকে উদ্ধার বা অপহরণকারীকে গ্রেফতার করতে পারেনি।

স্কুলছাত্রী রওশন আরার অপহরণ ঘটনাকে কেন্দ্র করে কালিহাতি উপজেলার ভুকতা এলাকার জনসাধারণের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এলাকাবাসী ছাত্রী অপহরণকারী নওয়াব আলি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেওয়ান আবদুর রাজ্জাককে তার চাকরি থেকে অপসারণের দাবি জানিয়েছেন।